

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪৩৫৪  
খোয়াই, ২৭ ডিসেম্বর, ২০২৩

**বিকশিত ভারত সংকল্প যাত্রা**  
**খোয়াইয়ে বিকাশ শিবির**

খোয়াই পুর পরিষদের উদ্যোগে খোয়াই সরকারি দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের বিআরসি হলে গতকাল বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে উপস্থিত ছিলেন খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন দেবশীষ নাথ শর্মা, ভাইস চেয়ারপার্সন নিবাস সাহা, পুর পরিষদের সদস্য, সদস্যগণ, খোয়াই মহকুমার মহকুমা শাসক মেঘা জৈন, পুর পরিষদের উপকার্যনিবাহী আধিকারিক হেমন্ত ধর প্রমুখ। শিবিরে প্রধানমন্ত্রী আবাস যোজনায় (আবান) গৃহ নির্মাণের জন্য ১৩টি আবেদনপত্র, স্বচ্ছ ভারত মিশনে শৌচালয় নির্মাণের জন্য ৮টি আবেদনপত্র গ্রহণ করা হয়। প্রধানমন্ত্রী বিশ্বকর্মা যোজনায় সুবিধা পাওয়ার জন্য ১টি আবেদনপত্র, আয়ুষ্মান হেল্থ কার্ড পাওয়ার জন্য ৬টি আবেদনপত্র, এস সি কার্ড পাওয়ার জন্য ২টি আবেদনপত্র, ওবিসি কার্ড পাওয়ার জন্য ৫টি আবেদনপত্র, পিআরটিসি সার্টিফিকেট পাওয়ার জন্য ২৩টি আবেদনপত্র, ট্রেড লাইসেন্স করার জন্য ৩টি আবেদনপত্র গ্রহণ করা হয়। শিবিরে প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনায় ১২ জন সুবিধাভোগীকে গ্যাসের সংযোগ প্রদান করা হয়। এলাকার ৩১ জনকে ইনকাম সার্টিফিকেট প্রদান করা হয়। স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে ৪০ জন রোগীকে চিকিৎসা করে বিনামূল্যে ঔষধ প্রদান করা হয়। বন দপ্তরের পক্ষ থেকে এলাকার ৪৬ জনকে ২টি করে গাছের চারা প্রদান করা হয়। প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের পক্ষ থেকে ৯টি পরিবারের ৩৫টি গবাদি প্রাণীর চিকিৎসা করে ঔষধ প্রদান করা হয়। শিবিরে এলাকার ১৪ জনকে আর ও আর প্রদান করা হয় ও ৩৩ জনকে ম্যারেজ সার্টিফিকেট দেওয়ার জন্য আবেদনপত্র গ্রহণ করা হয়।

\*\*\*\*\*